

AKASHVANI (AIR)
RNU : KOLKATA
Bengali Text Bulletin

Date 10-11-2025

Time: 7.50 P.M.

বিশেষ বিশেষ খবরঃ-

- ১) দিল্লির লালকেল্লা মেট্রোর স্টেশনের সামনে বিস্ফোরণের প্রেক্ষিতে কলকাতা সহ রাজ্যের সর্বত্র নিরাপত্তা ব্যবস্থা জোরদার করা হয়েছে।
- ২) ভোটার তালিকায় বিশেষ নীবিড় সংশোধন প্রক্রিয়ায় বৈধ ভোটারদের চিহ্নিত হওয়ার কোন কারণ নেই বলে রাজ্যের অতিরিক্ত মুখ্য নির্বাচনী আধিকারিক অরিন্দম নিয়োগী জানিয়েছেন।
- ৩) তৃণমূল কংগ্রেসের শিবির থেকে এসআইআর ফর্ম পূরণ না করানোর আর্জি জানিয়েছে বিজেপি।
- ৪) বন্দে মাতরমের দেড়শো বছর পূর্তি উদ্যাপনে রাজভবনের উদ্যোগে আজ একাধিক কর্মসূচির আয়োজন করা হয়।
- ৫) রাজ্য ডেঙ্গু সংক্রমণের হার উর্ধ্বমুখী হওয়ায় পরিস্থিতি উদ্বেগজনক হয়ে উঠেছে।

০০০০০০০০০০০০০০০০০০০

দিল্লির লালকেল্লা মেট্রো স্টেশনের কাছে সঙ্গে সাতটা নাগাদ তিনটি গাড়িতে বিস্ফোরণ হওয়ায় দেশজুড়ে তীব্র চাঞ্চল্য সৃষ্টি হয়েছে। বেশ কয়েকজনের মৃত্যুর আশঙ্কা করা হয়েছে।

দিল্লির বিষ্ফোরণের প্রেক্ষিতে কলকাতাতেও নিরাপত্তার ব্যবস্থা জোরদার করা হয়েছে। পুলিশ সূত্রে জানা গেছে শহরের বিভিন্ন গুরুত্বপূর্ণ জায়গায় নিরাপত্তা আঁটো সাঁটো করা হচ্ছে। মেট্রো স্টেশনের গেটগুলিতেও তল্লাশি জোরদার করা হচ্ছে। শহরের ঠোকা বেরোনোর বিভিন্ন গুরুত্বপূর্ণ এলাকায় নাকা তল্লাশি ছাড়াও নজরদারি বাড়ানো হচ্ছে বলে পুলিশ সূত্রে খবর।

০০০০০০০০০০০০০০০০০০০

ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধনী বা এসআইআর-এর ক্ষেত্রে প্রতিটি রাজনৈতিক দল সর্বতোভাবে সাহায্য করছে বলে পশ্চিমবঙ্গের অতিরিক্ত মুখ্য নির্বাচনী আধিকারিক অরিন্দম নিয়োগী জানিয়েছেন। আকাশবাণীর সঙ্গে এক একান্ত সাক্ষাতকারে শ্রী নিয়োগী বলেন, এসআইআরকে সুষ্ঠুভাবে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য মুখ্য নির্বাচনী আধিকারিক সবকটি স্বীকৃত রাজনৈতিক দলের সঙ্গে আলোচনা করেছেন এবং প্রত্যেকেই সবরক্ষভাবে সাহায্যের প্রতিশ্রুতি দিয়েছে। এপ্রসঙ্গে তিনি জানান, যারা বৈধ ভোটার তাদের চিন্তিত হওয়ায় কোনো কারণ নেই। এই প্রক্রিয়া চালানো হচ্ছে কেবলমাত্র অবৈধ ভোটার এবং যারা অন্যত্র চলে গেছেন কিংবা মৃত, তাদের নাম বাদ দেওয়ার জন্য।

(বাইট - অরিন্দম নিয়োগী)

০০০০০০০০০০০০০০০০০০০

ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধনী বা এসআইআর নিয়ে আগামী ১২ই নভেম্বর প্রচারিত হবে একটি বিশেষ আলোচনা। অংশ নিয়েছেন পশ্চিমবঙ্গের অতিরিক্ত মুখ্য নির্বাচনী আধিকারিক অরিন্দম নিয়োগী। তাঁর সঙ্গে কথা বলেছেন সন্দীপন দাশগুপ্ত। অনুষ্ঠানটি শোনা যাবে রাত সাড়ে ৯-টা থেকে গীতাঞ্জলী প্রচার তরঙ্গে এবং ডিটিএইচ পরিষেবায়।

০০০০০০০০০০০০০০০০০০০

তৃণমূল কংগ্রেসের শিবির থেকে এসআইআর ফর্ম পূরণ না করানোর আর্জি জানিয়েছে বিজেপি। কলকাতায় আজ এক সাংবাদিক বৈঠকে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী অভিযোগ করেন, শাসক দলের শিবিরে আবেদন পত্র ভুলভাবে পূরণ করা হচ্ছে। এর ফলে তা বাতিল হয়ে যাওয়ার সম্ভাবনা রয়েছে।

এদিকে রাজ্য সাম্প্রতি কয়েকটি মৃত্যু প্রসঙ্গে বিরোধী দলনেতা বলেন, পরিকল্পিতভাবে এই ঘটনাগুলির জন্য এসআইআর-কে দায়ী করছে তৃণমূল কংগ্রেস। পরিবারের ওপরেও এনিয়ে, চাপ তৈরি করা হচ্ছে বলে তাঁর অভিযোগ। এস আই আর-এর বিরোধিতায় শাসক দল যে নিন্দা প্রস্তাব আনার সিদ্ধান্ত নিয়েছে, বিজেপি তার প্রতিবাদ জানাবে বলেও উল্লেখ করেন তিনি।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

সংশোধিত নাগরিকত্ব আইনের আওতায় প্রতিবেশী কয়েকটি দেশ থেকে আসা সংখ্যালঘু হিন্দুদের নাম এস আই আরের মাধ্যমে ভোটার তালিকায় অন্তর্ভুক্ত করতে কলকাতা হাইকোর্টে একটি জনস্বার্থ মামলা দায়ের হয়েছিল। আদালত তা খারিজ করে দিয়ে বলেছে, জনস্বার্থ মামলার মাধ্যমে এই বিষয়টির নিষ্পত্তি হওয়া সম্ভব নয়। ভারপ্রাপ্ত প্রধান বিচারপতি সুজয় পাল ও বিচারপতি চৈতালি চ্যাটার্জি দাসের ডিভিশন বেঞ্চে মামলা খারিজের পাশাপাশি এও জানিয়েছে ২০১৪ সালের ৩১ ডিসেম্বরের আগে সংশ্লিষ্ট মামলাকারীরা ভারতে এসেছিলেন কিনা বা স্বরাষ্ট্র মন্ত্রক তাদের নাগরিকত্বের আবেদন বাতিল করেছে কিনা সেই মর্মে কোনো প্রমানপত্র দেওয়া হয়নি। ফলে পদ্ধতিগত কারণে এই আবেদনের নিষ্পত্তি হাইকোর্টের পক্ষে করা সম্ভব নয় বলেও জানিয়েছে বেঞ্চ।

০০০০০০০০০০০০০০০০০

প্রতিবেশী কয়েকটি দেশ থেকে আসা উদ্বাস্তু, মতুয়া এবং শর্ণার্থীরা ভোটার, আধার বা রেশন কার্ড থাকলেই দেশে নাগরিকত্ব পাবেন না। এজন্য সংশোধিত নাগরিকত্ব

আইনে নিয়ম মাফিক আবেদন করতে হবে বলে কেন্দ্রীয় প্রতিমন্ত্রী শান্তনু ঠাকুর জানিয়েছেন। কলকাতায় আজ এক সাংবাদিক বৈঠকে তিনি বলেন, বিভিন্ন সংশোধনীর ফলে CAA আইনকে ঘিরে বহু জটিলতা সৃষ্টি হয়েছিল।

তবে, ২০১৯ সালে নরেন্দ্র মোদী সরকার পূর্বের সব সিদ্ধান্তকে সংশোধন করে সার্বিকভাবে সংশোধিত নাগরিকত্ব আইন প্রণয়ন করেন। এরফলে উদ্বাস্তরা অতি সহজেই নাগরিক হতে পারবেন।

(বাইট - শান্তনু ঠাকুর)

তবে, কোনভাবে ভোটার-আধারের মতো পরিচয়পত্র তৈরি করে নিলেই যে দেশের নাগরিক হওয়া যাবে তা এক রাজনৈতিক প্রচার বলে মন্তব্য করেন শ্রী ঠাকুর।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

একশো দিনের কাজ প্রকল্পে কলকাতা হাইকোর্ট কেন্দ্রকে কাজ শুরু করার নির্দেশ দেওয়ায় মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী সন্তোষ প্রকাশ করেছেন। দ্রুত এই কাজ শুরু করার দাবীও জানান তিনি।

গত মাসে উত্তরবঙ্গে প্রবল দুর্যোগে ব্যাপক ক্ষয়ক্ষতির পরে সেখানকার বর্তমান অবস্থা নিয়ে মুখ্যমন্ত্রী আজ শিলিঙ্গড়ির উত্কন্যায় প্রশাসনিক আধিকারিকদের সঙ্গে বৈঠক করেন। তিনি অভিযোগ করেন, বিপর্যয় মোকাবিলায় কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে কোনো সাহায্য মেলেনি।

এস আই আর প্রসঙ্গে মুখ্যমন্ত্রী বলেন, রাজ্য সুপার এমার্জেন্সি পরিস্থিতি তৈরি চেষ্টা চালানো হচ্ছে।

এদিকে, বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী বলেছেন, বিপর্যয় মোকাবিলার টাকা নিয়ে মুখ্যমন্ত্রী রাজনীতি করছেন।

(বাইট - শুভেন্দু)

০০০০০০০০০০০০০০০০০০০

বন্দে মাতরমের দেড়শো বছর পূর্তি উদ্ঘাপনে রাজভবনের উদ্যোগে আজ একাধিক কর্মসূচীর আয়োজন করা হয়। ভারতীয় জাদুঘর থেকে রাজভবন পর্যন্ত একটি 'বন্দে মাতরম্ মার্চ' পদযাত্রার নেতৃত্ব দেন রাজ্যপাল সিভি আনন্দ বোস। কলকাতার বিভিন্ন স্কুলের পড়ুয়া ও বিশিষ্টজনেরা ওই পদযাত্রায় পা মেলান। এরপর রাজভবনে Vande Mataram: Spirit of the Nation শীর্ষক এক সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করা হয়। কলকাতা জাদুঘর প্রাঙ্গণে কর্মসূচীর সূচনায় বক্ষিমচন্দ্র চট্টোপাধ্যায়ের প্রতিকৃতিতে শ্রদ্ধা নিবেদন করেন রাজ্যপাল। বর্ণময় মিছিলটি রাজভবনের পথে অগ্রসর হলে বহু সাধারণ মানুষ তাতে পা মেলান। পরে রাজভবন প্রাঙ্গণে আয়োজিত সংস্কৃতিক অনুষ্ঠানে বিভিন্ন স্কুলের ছাত্র ছাত্রী ও সংস্কৃতি কর্মীরা নিজেদের উপস্থাপনার মাধ্যমে জাতীয় স্তোত্র-র প্রতি সম্মান জ্ঞাপন করেন। নিজের ভাষণে ড. সি. ভি. আনন্দ বোস বলেন, কলম তরবারির থেকেও শক্তিশালী এই গানই তার প্রমাণ বক্ষিমচন্দ্র চট্টোপাধ্যায়ের 'বন্দে মাতরম্' কেবল একটি গান নয়, এটি এক বিপ্লবের আহ্বান, যা লক্ষ লক্ষ ভারতবাসীর মনে স্বাধীনতার আগুন জ্বলে দিয়েছিল।

০০০০০০০০০০০০০০০০০০০

উৎসবের রেশ কাটতেই রাজ্য ডেঙ্গু সংক্রমণের উর্ধ্বমুখী হার উদ্বেগজনক হয়ে উঠেছে। স্বাস্থ্য দণ্ডের সর্বশেষ রিপোর্ট অনুযায়ী, অঞ্চোবরের শেষ দুই সপ্তাহে নতুন করে ১ হাজার ৬৩২ জনের শরীরে ডেঙ্গু ভাইরাসের অঙ্গস্থৰ মিলেছে। গোটা অঞ্চোবর মাসে আক্রান্ত হয়েছেন প্রায় ৩ হাজার ২-শো জন।

চলতি বছরের শুরু থেকে ৩১ অঞ্চোবর পর্যন্ত রাজ্য মোট আক্রান্তের সংখ্যা দাঁড়িয়েছে ১২,৫০৩। পতঙ্গবিদদের মতে, দুর্গাপুজো ও কালীপুজোর সময়ে খোলা মণ্ডপ, জমে থাকা জল এবং অপর্যাপ্ত স্যানিটেশনই সংক্রমণ বৃদ্ধির অন্যতম কারণ।

স্বাস্থ্য দণ্ডের সূত্রে খবর, ডেঙ্গু সংক্রমণের নিরিখে শীর্ষে রয়েছে উত্তর ২৪ পরগনা জেলা। সেখানে আক্রান্ত ২,৩২৬ জন। তার পরেই রয়েছে মুর্শিদাবাদ, ওই জেলাতেও

আক্রান্তের সংখ্যা ২ হাজার ছাড়িয়েছে। স্বাস্থ্য দপ্তর জানিয়েছে, জেলাগুলিতে নজরদারি, ফগিং এবং সচেতনতামূলক প্রচার আরও জোরদার করা হয়েছে। বিশেষত যেখানে সংক্রমণ বেশি, সেইসব ব্লকে অতিরিক্ত স্বাস্থ্যকর্মী মোতায়েনের নির্দেশও দেওয়া হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

শিক্ষক নিয়োগ দুর্নীতি মামলায় তিন বছরের বেশি সময় বন্দি থাকার পর প্রাক্তন শিক্ষামন্ত্রী পার্থ চট্টোপাধ্যায়ের জেলমুক্তি ঘটতে চলেছে। সিবিআই-এর বিশেষ আদালতের বিচারক এই নির্দেশ দিয়েছেন। আদালতের নথি মুখ্য বিচারবিভাগীয় আধিকারিকের কাছে পৌঁছনোর পরই তার জেলমুক্তি হতে পারে।

উল্লেখ্য, পুজোর ছুটির আগে কলকাতা হাইকোর্টে জামিন পেয়েছিলেন প্রাক্তন শিক্ষামন্ত্রী। বিচারপতি শুভ্র ঘোষের নির্দেশে সি বি আই-এর মামলায় জামিন পেলেও সুপ্রিম কোর্টের মত অনুযায়ী নিম্ন আদালতে সাক্ষ্য গ্রহণ শেষ না হওয়া পর্যন্ত জেলমুক্তি আটকে ছিল। অবশেষ আলিপুর আদালতে বিচারাধীন এই মামলায় সাক্ষ্য গ্রহণ শেষ হয়েছে। নানা শারীরিক সমস্যায় জর্জিত পার্থ চট্টোপাধ্যায় আজ কলকাতার একটি বে-সরকারী হাসপাতাল থেকে ভার্চুয়ারী শুনানিতে অংশ নেন। আজকের নির্দেশের পর পদ্ধতিগত আইনী প্রক্রিয়া শেষ হলেই বাড়ি ফিরতে পারবেন তিনি।

প্রসঙ্গত ২০২২ সালের ২৩-শে জুলাই শিক্ষক নিয়োগ দুর্নীতি মামলায় কোটি কাটি টাকায় চাকরি বিক্রির অভিযোগে ইডি তাকে গ্রেফতার করে। সেই মামলায় আগেই শীর্ষ আদালতে জামিন পেয়েছিলেন তিনি। তবে, সিবিআই-এর মামলা চলতে থাকায় তিনি ছাড়া পাননি।

এদিকে, প্রাথমিক শিক্ষক নিয়োগ দুর্নীতি মামলায় অন্যতম অভিযুক্ত, প্রাক্তন শিক্ষামন্ত্রী পার্থ চট্টোপাধ্যায়ের ঘনিষ্ঠ সন্তু গঙ্গোপাধ্যায়কে শর্ত সাপেক্ষে জামিন দিয়েছে কলকাতা হাইকোর্ট। নিয়োগ দুর্নীতিতে তিনি এজেন্ট হিসাবে কাজ করতেন বলে অভিযোগ। একাধিক চাকরী প্রার্থীর কাছ থেকে তিনি টাকাও নিয়েছিলেন বলে জানা

গেছে। বিচারপতি তীর্থক্ষেত্র ঘোষ আজ ৫ লক্ষ টাকার ব্যক্তিগত বলে তার জামিন মঞ্জুর করেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

৩১ তম কলকাতা আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবে কার্ড জাল করার অভিযোগ উঠেছে। উৎসবের ডিরেক্টর শর্মিষ্ঠা ব্যানার্জী জানিয়েছেন, উৎসবের প্রথম দু দিনেই ৩৫৭ টি জাল কার্ড উদ্ধার করার পর বিষয়টি পুলিশকে জানানো হয়। এর পরই আজ জরুরী ভিত্তিতে সাংবাদিক বৈঠক করে উৎসব কর্তৃপক্ষ। সেখানে কোঅর্ডিনেটর প্রদীপ কুমার সরকার, প্রতিদিন আগত দর্শকদের কোনরকম জালিয়াতির প্ররোচনায় পা না দেওয়ার অনুরোধ জানান। কে কোন উদ্দেশ্যে এরকম ঘটনা ঘটাচ্ছে সে বিষয়ে সন্দেহ প্রকাশ করেন শর্মিষ্ঠা ব্যানার্জি।

(বাইট)

এদিকে, আজ কৃত্রিম বুদ্ধিমত্তা এবং সিনেমার ভবিষ্যৎ শীর্ষক আলোচনায় অংশ নিয়ে বঙ্গ বিশিষ্ট পরিচালক অশোক বিশ্বনাথন বলেন, নতুন টেকনোলজিকে সঙ্গে নেই এগিয়ে যেতে হবে। বিজ্ঞানী এবং পরিচালক বেদ্রত পাইন বলেন, এ আই কে একটি টুল হিসেবে বা বন্ধু হিসেবে নেওয়া যেতেই পারে, তবে সে যাতে নির্দেশক না হয়ে ওঠে তার দায়িত্ব নেওয়া মানুষের কাজ।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্য জুড়ে শীতের আমেজ অনুভূত হলেও উত্তরবঙ্গের ৫ জেলায় সর্বনিম্ন তাপমাত্রা এখনও স্বাভাবিকের উপরে। তবে দক্ষিণবঙ্গের সর্বত্রই বিশেষ করে পশ্চিমের জেলাগুলিতে তাপমাত্রা স্বাভাবিকের থেকে কম। গতকালের মত আজও আলিপুরে সর্বনিম্ন এবং সর্বোচ্চ তাপমাত্রা দুটোই ছিল স্বাভাবিকের চেয়ে প্রায় দু ডিগ্রী কম। দক্ষিণবঙ্গের শ্রীনিকেতনে আজ সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় 14.8° সেলসিয়াস স্বাভাবিকের চেয়ে তিন দশমিক ৮ ডিগ্রী কম। উত্তর দিনাজপুরের রায়গঞ্জেও তাপমাত্রা আজও

স্বাভাবিকের থেকে ৪ দশমিক দুই ডিগ্রি কম ছিল। আগামী কয়েক দিন তাপমাত্রার বিশেষ কোনো তারতম্য হবে না বলে আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০

বিশ্বকাপজয়ী দলের সদস্য রিচা ঘোষের কৃতিত্বকে স্বীকৃতি জানাতে শিলিগুড়িতে ক্রিকেট স্টেডিয়াম গড়ার সিদ্ধান্ত নিয়েছে রাজ্য সরকার। উত্তরবঙ্গে এক সাংবাদিক বৈঠকে আজ মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি একথা ঘোষণা করে জানিয়েছেন, রিচার নামে শিলিগুড়ির চাঁদমণিতে স্টেডিয়াম তৈরি করা হবে। মাত্র ২২ বছর বয়সে বিশ্ব চ্যাম্পিয়ন দলের সদস্য হওয়ার জন্য রিচাকে অভিনন্দন জানিয়ে মুখ্যমন্ত্রী বলেন, চাঁদমণি বাগানে রাজ্য সরকারের প্রায় ২৭ একর জমি আছে। সেখানেই এই ক্রিকেট স্টেডিয়াম গড়ে তোলা হবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

সুরাটে রঞ্জি ট্রফি ক্রিকেটের ম্যাচে রেলওয়েজের বিরুদ্ধে বাংলা প্রথম ইনিংসে এগিয়ে গেছে। আজ তৃতীয় দিনে রেলের প্রথম ইনিংস ২২২ রানে শেষ হয়ে যায়। ভার্গভ মেরাই ৯১, উপেন্দ্র যাদব ৭০ রান করেন।

বাংলার হয়ে সুরজ সিঙ্কু জয়সওয়াল চারটি, মহম্মদ কাইফ, রাহুল প্রসাদ দুটি করে উইকেট নিয়েছেন।

এরপর বাংলা রেলকে ফলো অন করালে দ্বিতীয় ইনিংসে ব্যাট করতে নেমে রেলওয়েজ ৫ উইকেটে ৯০ রান করেছে। বিবেক সিং ২৯ রান করেন। ভার্গভ মেরাই ২০ রানে ও উপেন্দ্র যাদব ১২ রানে অপরাজিত আছেন। বাংলার হয়ে শাহবাজ আহমেদ, রাহুল প্রসাদ দুটি করে উইকেট নিয়েছেন।

তৃতীয় দিনের শেষে বাংলা ১৬২ রানে এগিয়ে রয়েছে। উল্লেখ্য, বাংলা প্রথম ইনিংসে করে ৪৭৪ রান।

oooooooooooooooooooo

oooooooooooooooooooo